



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd
E-mail:iresppw@gmail.com

নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৩.১৩-৬৫৬৫

তারিখঃ ১০/০৩/২০১৬খ্রিঃ

বিষয়ঃ সমিতি পর্যায়ে দৈনন্দিন কার্যক্রমের ছবি Facebook এ আপলোড।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পে কর্মরত মাঠ সংগঠক ও এআরডিওদের অগ্রিম প্রদানের মাধ্যমে ট্যাব ও ল্যাপটপ ক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। উক্ত ট্যাবের মাধ্যমে মাঠ সংগঠকদের সমিতি পর্যায়ে দৈনন্দিন কার্যক্রম যেমন- সমিতির সাপ্তাহিক সভা, সঞ্চয়, ঋণ আদায় এবং সদস্যদের আয়বর্ধক কর্মকাণ্ডের ছবি ধারণ করে সুবিধাজনক সময়ে নিয়মিতভাবে Facebook আইডিতে আপলোড করতে হবে। Facebook এ আপলোড করার ক্ষেত্রে মাঠসংগঠকে প্রতিটি ছবির নিচে সমিতি ও সদস্যের নাম এবং কর্মকাণ্ডের বিষয় উল্লেখ করতে হবে।

২। এছাড়া যে সকল উপজেলার Facebook আইডি ওপেন করা হয়নি তাদেরকে অনতিবিলম্বে Facebook আইডি ওপেন করার জন্য বলা হল। উদাহরণ স্বরূপঃ www.facebook.com/iresppw.rampal।

৩। মাঠসংগঠকদের Facebook আইডি ওপেন করতে পদবি ও নামের সাথে উপজেলার নাম দিয়ে Facebook আইডি ওপেন করতে হবে; কেননা প্রকল্প সদর দপ্তর হতে প্রত্যেক FO এর Status পরিবীক্ষণ করা হবে। উদাহরণ স্বরূপঃ www.facebook.com/fo.parvinsultana.rampal।

৪। Facebook আইডি ওপেন করে প্রকল্পের মূল Facebook আইডিতে ট্যাগ করার জন্য Friend Request পাঠাতে হবে। Friend Request পাঠাতে www.facebook.com/brdbiresppw এ লগইন করতে হবে।

৫। উপরোক্ত বিষয় সমূহ নিশ্চিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণকে অনুরোধ করা হল।


মোঃ শাহজাহান
উপ-প্রকল্প পরিচালক (প্রশাঃ ও প্রশিঃ)
ইরেসপো
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
.....উপজেলা।
.....জেলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। মাঠ সংগঠক (ইরেসপো).....উপজেলাজেলা।
- ২। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো).....উপজেলাজেলা।
- ৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাউপজেলাজেলা।
- ৪। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৫। উপ-পরিচালক, বিআরডিবি.....জেলা।
- ৬। উপ-প্রকল্প পরিচালক (উন্নয়ন, বাজেট ও অর্থ), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ৭। প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ৮। অফিস কপি/ গার্ড ফাইল।